"এসো আলোকিত মানুষ হই"

কলেজ কোড-১১৩১

EIIN-134579

মহানগর ফাউন্ডেশন কর্তৃক পরিচালিত ও ঢাকা শিক্ষা বোর্ড কর্তৃক স্বীকৃতিপ্রাপ্ত

রাজনীতি ও ধূমপানমুক্ত

# মহানগর আইডিয়াল কলেজ

# MOHANAGAR IDEAL COLLEGE

সাফল্যের ১৫ বছর। প্রতিষ্ঠার পর থেকে GPA-৫ সহ ১০০% পাসের কৃতিত্ব অর্জন

## রাজধানীর অন্যতম জিপিএ উন্নয়ন কলেজ

## প্রসপেক্টাস



৪৪,উত্তর মুগদা, সবুজবাগ, ঢাকা-১২১৪

ফোনঃ ৭২৭৭৬০৬, ০১৫৫৬-৬৩০৩২৫

www.mic.edu.bd

## জাতীয় সংগীত

আমার সোনার বাংলা, আমি তোমায় ভালোবাসি।
চিরদিন তোমার আকাশ তোমার বাতাস, আমার প্রাণে
ওমা আমার প্রাণে বাজায় বাঁশি,
সোনার বাংলা, আমি তোমায় ভালোবাসি।
ওমা ফাগুনে তোর আমের বনে ঘ্রাণে পাগল করে
মরি হায়-হায়রে ওমা
ফাগুনে তোর আমের বনে ঘ্রাণে পাগল করে
ওমা অঘ্রাণে তোর ভরা ক্ষেতে- কী দেখেছি
আমি কী দেখেছি মধুর হাসি
সোনার বাংলা, আমি তোমায় ভালোবাসি।

কী শোভা কী ছায়া গো, কী স্নেহ কী মায়া গো
কী আঁচল বিছায়েছো বটের মূলে, নদীর কূলে কূলে
মা তোর মুখের বাণী আমার কানে লাগে সুধার মতো
মরি হায়-হায়রে মা তোর
মুখের বাণী আমার কানে লাগে সুধার মতো
মা তোর বদনখানি মলিন হলে আমি নয়ন
ওমা আমি নয়ন জলে ভাসি
সোনার বাংলা - আমি তোমায় ভালবাসি।

[পরিবেশনের নিয়মে লেখা]

## শপথ

"জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবুর রহমানের নেতৃত্বে পাকিস্তানি শাসকদের শোষণ ও বঞ্চনার বিরুদ্ধে এক রক্তক্ষয়ী মুক্তিসংগ্রামের মধ্য দিয়ে বাংলাদেশ স্বাধীনতা অর্জন করেছে। বিশ্বের বুকে বাঙালি জাতি প্রতিষ্ঠা করেছে তার স্বতন্ত্র জাতিসত্তা।

আমি দৃপ্তকণ্ঠে শপথ করছি যে, শহিদদের রক্ত বৃথা যেতে দেব না। দেশকে ভালোবাসব, দেশের মানুষের সার্বিক কল্যাণে সর্বশক্তি নিয়োগ করব। জাতির পিতা বঙ্গবন্ধু শেখ মুজিবের আদর্শে উন্নত, সমৃদ্ধ ও অসাম্প্রদায়িক চেতনার সোনার বাংলা গড়ে তুলব।
মহান সৃষ্টিকর্তা আমাকে শক্তি দিন।"

## অঙ্গীকার

আমি ওয়াদা করছি যে, জীবনের প্রতি ক্ষেত্রে, মহান আল্লাহ্ তা'আলার হুকুম মেনে চলতে, গুরুজনদের আদেশ পালন করতে এবং আমার দেশের প্রতি সম্মান প্রদর্শন করতে সর্বদা সচেষ্ট থাকব।

আমি আরও ওয়াদা করছি যে, সদা সত্য কথা বলব এবং অত্র প্রতিষ্ঠানের আইন-শৃঙ্খলা মেনে চলব। হে আল্লাহ্! আমাকে শক্তি দিন। আমি যেন প্রকৃত মানুষ হয়ে বাংলাদেশের উন্নতি করতে পারি এবং মহানগর আইডিয়াল কলেজের সুনাম বৃদ্ধি করতে পারি। আমিন।

বিসমিল্লাহির রাহ্মানির রাহিম



সভাপতি
**মহানগর আইডিয়াল কলেজ**

# বাণী

মানুষ স্বভাবতই দ্বিজ। প্রথম জন্ম মানুষের প্রাকৃতিক। এর ওপর কারো হাত নেই কিন্তু মানুষ তার জাগতিক কর্মকাণ্ড, আচার-আচরণ দ্বারা তার পূনর্জন্ম ঘটাতে পারে। এপূনর্জন্ম ঘটানোর একমাত্র নিয়ামক শিক্ষা। মোতাহের হোসেন চৌধুরীর মতে, 'জীবসত্তার ঘর থেকে মানবসত্তার ঘরে ওঠার মই হচ্ছে শিক্ষা'। শিক্ষা মানুষের অন্তরকে আলোকিত করে, তার ভেতরের মানুষটিকে জাগিয়ে তুলে। তাকে মানুষের মত মানুষ হতে সাহায্য করে। তাকে মনুষ্যত্বের পরিতৃপ্তি নিয়ে বাচঁতে শেখায়। আলোকিত মানুষ গড়তে চাই আদর্শ শিক্ষা প্রতিষ্ঠান। আর এলক্ষ্যেই প্রতিষ্ঠিত হয়েছে 'মহানগর আইডিয়াল কলেজ'। অপরাধ, দুর্নীতি, নৈরাজ্য, সর্বোপরি মানবিক মূল্যবোধের অবক্ষয় আমাদের আজকের সমাজ ব্যবস্থাকে অক্টোপাসের মতো ঘিরে রেখেছে। এসব অসঙ্গতি চারদিক থেকে এমনভাবে জেঁকে বসেছে যে, সচেতন অভিভাবক হিসেবে আমাদের প্রত্যেককে তা মর্মাহত করে। ভবিষৎ প্রজন্মের কাছে আমরা সবাই দায়বদ্ধ। আমরা কেউ এদায়বদ্ধতা এড়াতে পারিনা। তাই পরবর্তী প্রজন্মকে এসব অসঙ্গতির মোকাবেলা যাতে না করতে হয়, সেজন্য এখন থেকেই আমাদের কাজ করে যেতে হবে। আর একাজের অংশ হিসেবে এগিয়ে আসেন একদল উচ্চ শিক্ষিত উদ্যোমী ব্যক্তিত্ব এবং প্রতিষ্ঠা করেন 'মহানগর আইডিয়াল কলেজ'। দায়বদ্ধতার তাগিদ থেকে মহানগর আইডিয়াল কলেজের জন্ম। কাজেই এশিক্ষা প্রতিষ্ঠানের সাফল্য অনিবার্য। পরম করুণাময় আল্লাহ তা'য়ালার ওপর ভরসা রেখে বলতে চাই যে, 'মহানগর আইডিয়াল কলেজ' অচিরে দেশের শীর্ষ স্থানীয় শিক্ষা প্রতিষ্ঠানে পরিণত হবে। কাজেই সম্মানিত অভিভাবকদের প্রতি আমার উদাত্ত আহবান - আসুন, আপনি আপনার সন্তানকে এই কলেজে ভর্তি করিয়ে এবং নানামুখী পরামর্শ প্রদান করে এমহৎ কাজকে এগিয়ে নিতে সাহায্য করুন।

**মুহাম্মদ সেকেন্দার হোসেন**

বিসমিল্লাহির রাহ্‌মানির রাহিম



**অধ্যক্ষ**
বি এ (অনার্স) এম এ (ইংরেজি)
এম এড (ঢাকা বিশ্ববিদ্যালয়)

# বাণী

“পড় তোমার প্রভুর নামে যিনি তোমাকে সৃষ্টি করেছেন” মহান রাব্বুল আল আমীনের এই শাশ্বত নির্দেশনাকে প্রত্যয় করে নির্মাণ করা হয়েছে “মহানগর আইডিয়াল কলেজ” । ক্যাডেট কলেজ, মতিঝিল আইডিয়াল স্কুল এন্ড কলেজ এবং ন্যাশনাল আইডিয়াল স্কুল এন্ড কলেজের সাবেক কয়েকজন অভিজ্ঞ এবং উদ্যোগী শিক্ষকের আন্তরিক প্রচেষ্টায় নির্মিত হয়েছে এই প্রতিষ্ঠানটি। তাঁদের চিন্তা চেতনায় এবং মননে শুধু একটাই স্বপ্ন মুগদাপাড়া, মান্ডা, খিলগাঁও, বাসাবো, মায়াকানন, মানিকনগর, ধলপুর, কমলা-পুর, মাদারটেক এলাকায় একটি উন্নতমানের শিক্ষা প্রতিষ্ঠান প্রতিষ্ঠা করা। এই প্রতিষ্ঠানের অন্তরালে কাজ করছেন মনোয়ারা জেনারেল হাসপাতালের প্রতিষ্ঠাতা এবং খ্যাতি সম্পন্ন ডাক্তার মনোয়ারা সুলতানা। শিক্ষানুরাগী এবং সমাজসেবী জনাব মুহাম্মদ সেকেন্দার হোসেন এই প্রতিষ্ঠানের সভাপতির দায়িত্ব পালন করছেন। এই প্রতিষ্ঠান পরিচালনার ক্ষেত্রে তাঁর নির্দেশনা অত্যন্ত গুরুত্বপূর্ণ। কিছুটা ক্যাডেট কলেজের আঙ্গিকে পাঠ্যক্রমের সাথে সাথে সহপাঠ্যক্রম রাখা হয়েছে। শিক্ষাদান ও নিয়ম শৃংখলার মাধ্যমে ছাত্র-ছাত্রীদেরকে পরিপূর্ণ মানুষ হিসেবে গড়ে তোলাই হলো আমাদের শিক্ষানীতি। এই লক্ষ্যে ‘মহানগর আইডিয়াল কলেজ’ এর উপদেষ্টামণ্ডলীর সুচিন্তিত বিধি-বিধান, অভিভাবকদের গ্রহণীয় পরামর্শ এবং পারস্পরিক সহযোগিতার ভিত্তিতে ছাত্র-ছাত্রীদের মানস গঠনের চেষ্টা করা হয়। কোমলমতি ছাত্র-ছাত্রীদের চিত্তবিনোদনের জন্য লেখাপড়ার পাশাপাশি আছে অডিও ভিজ্যুয়েল প্রজেক্টর এবং বাৎসরিক শিক্ষাসফর। লেখাপড়ার সাথে সাথে ছাত্র-ছাত্রীদের চরিত্র ও ব্যক্তিত্বের সুষ্ঠু গঠন ও বিকাশের প্রতিও বিশেষ লক্ষ্য রাখা হয়। এর পেছনে রয়েছে শিক্ষক, শিক্ষার্থী ও অভিভাবকের সম্মিলিত প্রচেষ্টা। সর্বোপরি এই কলেজের উত্তরোত্তর সাফল্য কামনা করছি।

মুহাম্মদ মামুন মিয়া

বিসমিল্লাহির রাহ্মানির রাহিম



**শিক্ষা উপদেষ্টা**

প্রতিষ্ঠাতা অধ্যক্ষ, মহানগর আইডিয়াল কলেজ (অব.)
সাবেক অধ্যক্ষ, কুমিল্লা ভিক্টোরিয়া সরকারি কলেজ

# বাণী

বৈরি বিশ্বে মানুষের আবির্ভাব তার সৃষ্টিশীলতা ও অনুপ্রেরণার উৎস। শিক্ষা এক্ষেত্রে বুদ্ধিমান ও সংবেদনশীল মানব জাতির এক বড় হাতিয়ার। এই মূলমন্ত্রকে সামনে রেখেই ২০০৭ খ্রিঃ 'এসো আলোকিত মানুষ হই' এই বার্তা নিয়ে সুষ্ঠু পরিকল্পনা ও সুপরিকল্পিত পাঠদান পদ্ধতির মাধ্যমে 'মহানগর আইডিয়াল কলেজ' উচ্চ মাধ্যমিক শ্রেণিতে শিক্ষা কার্যক্রম পরিচালনা করার মধ্য দিয়ে একটি সফল নির্ভরযোগ্য আদর্শ শিক্ষা প্রতিষ্ঠান হিসেবে স্থান করে নিয়েছে। মানসম্মত শিক্ষা নিশ্চিত করে শিক্ষার্থীর মননশীলতাকে কাজে লাগিয়ে তার প্রতিভার সৃজনশীল বিকাশ সাধন করা শিক্ষা কার্যক্রমের অন্যতম লক্ষ্য। প্রতিষ্ঠালগ্ন থেকে অদ্যাবধি মাধ্যমিক পরীক্ষায় জিপিএ-৫ প্রাপ্তিসহ শতভাগ পাসের কৃতিত্ব অর্জন করে আসছে। এ সাফল্যের মূলে রয়েছে শিক্ষা বান্ধব পরিবেশ, উন্নত পাঠদান পদ্ধতি, অধ্যক্ষের নেতৃত্বে শিক্ষকমণ্ডলীর আন্তরিক প্রচেষ্টা, শিক্ষার্থীদের পরিশ্রম ও অভিভাবকদের আন্তরিক সহযোগিতা।

শিক্ষাস্তরের মধ্যে উচ্চ মাধ্যমিক পর্যায়ের শিক্ষা অত্যন্ত গুরুত্বপূর্ণ। কারণ মাধ্যমিক পরীক্ষার ফলাফল এবং অর্জিত জ্ঞানের গভীরতা দ্বারাই একজন শিক্ষার্থীর শিক্ষার ভবিষ্যৎ নির্ধারিত হয়। এই মূল বিষয়টিকে সামনে রেখেই শিক্ষার্থী যাতে বিষয়ভিত্তিক গভীর জ্ঞান অর্জন করতে পারে সেজন্য মানবিক, বিজ্ঞান ও ব্যবসায় শিক্ষা শাখার প্রতিটি বিষয়ে নিবিড় পাঠদানের পাশাপাশি সাপ্তাহিক, মাসিক ও পর্ব পরীক্ষার মাধ্যমে অত্র কলেজে পাঠের অগ্রগতি যাচাই করে শিক্ষার মান উন্নয়নের প্রয়োজনীয় ব্যবস্থা গ্রহণ করা হয়। সর্বোপরি শিক্ষার্থী যাতে উন্নত নৈতিক মূল্যবোধসম্পন্ন, দায়িত্বশীল সুনাগরিক ও দক্ষ মানবসম্পদ হিসেবে গড়ে উঠতে পারে এ উদ্দেশ্যেই এই কলেজে সার্বিক শিক্ষা ও সহশিক্ষা কার্যক্রম পরিচালিত হয়ে আসছে। আর এ লক্ষ্য বাস্তবায়নে সকলের সার্বিক সহযোগিতা কামনা করছি।

**প্রফেসর লে.কর্নেল অব মোস্তাক আহমেদ**

# পরিচালনা পর্ষদ



**মুহাম্মদ সেকেন্দার হোসেন**
প্রতিষ্ঠাতা সভাপতি



**ডাঃ মনোয়ারা সুলতানা**
প্রতিষ্ঠাতা এম ডি



**মুহাম্মদ মামুন মিয়া**
প্রতিষ্ঠাতা পরিচালক ও অধ্যক্ষ
বি এ (অনার্স) এম এ (ইংরেজি), এম এড (ঢাকা বিশ্ববিদ্যালয়)
প্রাক্তন সিনিয়র শিক্ষক (ইংরেজি) ন্যাশনাল আইডিয়াল স্কুল এন্ড কলেজ, ঢাকা
পরীক্ষক-ঢাকা বোর্ড, লেখক, কাজল ব্রাদার্স লিমিটেড।



**মোহাম্মদ তাজুল ইসলাম খান**
প্রতিষ্ঠাতা পরিচালক
বি.কম(অনার্স), এম.কম (হিসাববিজ্ঞান)
প্রাক্তন সিনিয়র শিক্ষক (হিসাববিজ্ঞান), ন্যাশনাল আইডিয়াল স্কুল এন্ড কলেজ



**মোহাম্মদ ওহিদ উদ্দিন ইস্কান্দার**
প্রতিষ্ঠাতা পরিচালক ও প্রধান শিক্ষক
বি.এস.সি (অনার্স), এমএসসি (গণিত), বিএড (১ম শ্রেণি), এমএড
প্রাক্তন সিনিয়র শিক্ষক (গণিত), ন্যাশনাল আইডিয়াল স্কুল এন্ড কলেজ



**মোহাম্মদ ইমদাদুল হক**
প্রতিষ্ঠাতা পরিচালক ও সহকারী অধ্যাপক
বিএসসি (অনার্স)(১ম শ্রেণি)
এমএসসি (প্রাণিবিদ্যা) বিএড (১ম শ্রেণি)
প্রাক্তন সিনিয়র শিক্ষক (জীববিজ্ঞান), ন্যাশনাল আইডিয়াল স্কুল এন্ড কলেজ



**মো. আহছান উল্লাহ**
প্রতিষ্ঠাতা পরিচালক ও সহকারী প্রধান শিক্ষক
বিএ (অনার্স), এমএ (ই.শি) ১ম শ্রেণি, এমএম ডাবল (হাদিস ও তাফসির)
প্রাক্তন সিনিয়র শিক্ষক (ই:শি:), ন্যাশনাল আইডিয়াল স্কুল এন্ড কলেজ



**শেখ শফিকুল ইসলাম**
প্রতিষ্ঠাতা পরিচালক ও সহকারী অধ্যাপক
বিএ (অনার্স), এমএ (বাংলা), রাজশাহী বিশ্ববিদ্যালয়
প্রাক্তন সিনিয়র শিক্ষক (বাংলা), ন্যাশনাল আইডিয়াল স্কুল এন্ড কলেজ

# গভর্নিং বডি

| | |
|---|---|
| ১। জনাব মুহাম্মদ সেকেন্দার হোসেন | সভাপতি |
| ২। জনাব মো: আহছান উল্লাহ | অভিভাবক সদস্য |
| ৩। জনাব মোহাম্মদ ওহিদ উদ্দিন ইস্কান্দার | অভিভাবক সদস্য |
| ৪। জনাব মোছাঃ নাজমা বেগম | সংরক্ষিত মহিলা অভিভাবক |
| ৫। জনাব মোঃ ইমদাদুল হক | শিক্ষক প্রতিনিধি |
| ৬। জনাব শেখ শফিকুল ইসলাম | শিক্ষক প্রতিনিধি |
| ৭। জনাব মুহাম্মদ মামুন মিয়া, অধ্যক্ষ | সদস্য সচিব |

# শিক্ষক-শিক্ষিকাবৃন্দ



প্রফেসর লে. কর্নেল মোস্তাক আহমেদ (অব.)
উপদেষ্টা
প্রাক্তন অধ্যক্ষ
মহানগর আইডিয়াল কলেজ ও কুমিল্লা ভিক্টোরিয়া কলেজ



মুহাম্মদ মামুন মিয়া
অধ্যক্ষ
বি এ (অনার্স) এম এ (ইংরেজি)
এম এড (ঢাকা বিশ্ববিদ্যালয়)



মোহাম্মদ ইমদাদুল হক
সহকারি অধ্যাপক
বিএসসি (অনার্স)(১ম শ্রেণি)
এমএসসি (প্রাণিবিদ্যা) বিএড (১ম শ্রেণি)



শেখ শফিকুল ইসলাম
সহকারি অধ্যাপক
বিএ (অনার্স), এমএ (বাংলা)
রাজশাহী বিশ্ববিদ্যালয়



মোহাম্মদ তাজুল ইসলাম খান
সহকারি অধ্যাপক
বি.কম(অনার্স), এম.কম (হিসাববিজ্ঞান)



রায়হান শরীফ
প্রভাষক
বিএসসি (সম্মান),
এমএসসি(গণিত), বিএড



মোঃ আসাদ উল্লাহ
প্রভাষক
বিএসসি (সম্মান) এমএ
(ইংরেজি), বিএড



মোঃ মনিরুজ্জামান
প্রভাষক
কামিল (হাদিস), বিএ (সম্মান)
ইসলাম শিক্ষা



মোঃ শাহ আলম
প্রভাষক
বিকম (সম্মান)
এমকম(হিসাববিজ্ঞান)



**তানজিলা খাতুন রুমা**
প্রভাষক
বিএসএস (সম্মান)
এমএসএস(রাষ্ট্রবিজ্ঞান), বিএড



**সাইফুন্নাহার**
প্রভাষক
বিএ (সম্মান), এমএ(বাংলা)
ঢাকা বিশ্ববিদ্যালয়



**কানিজ ফাতেমা**
প্রভাষক
বিএসএস (সম্মান)
এমএসএস(অর্থনীতি)



**মোঃ জাকির হোসেন**
প্রভাষক
বিএসসি (সম্মান)
এমএসসি(প্রাণিবিজ্ঞান)



**আশরাফুজ্জামান**
প্রভাষক
বিএ(সম্মান), এমএ(ই,শিক্ষা)
কামিল (হাদিস ও ফিকহ্)



**মেহেদী হাসান**
প্রভাষক
বিএসসি (সম্মান)
এমএসসি (রসায়নবিদ্যা)



**ফাহমিদা আক্তার**
প্রভাষক
বিএ (সম্মান)
এমএ (বাংলা)



**মহিউদ্দিন কাওসার**
প্রভাষক
বিএসসি (সম্মান)
এমএসসি(গণিত), বিএড



**স্মৃতি রানী দে**
প্রভাষক
বিএ (সম্মান), এমএ (বাংলা)



**সাবিনা জামান**
প্রভাষক
বিএসএস (সম্মান) এমএসএস (রাষ্ট্রবিজ্ঞান)



**সাদিয়া আফরিন**
প্রভাষক
বিবিএস (সম্মান) এমবিএস (ফিন্যান্স এন্ড ব্যাংকিং)



**সামিরা সিরাজী**
প্রভাষক
বিকম (সম্মান) এমকম (ব্যবস্থাপনা), বিএড



**ইয়াছিন প্রধানিয়া**
প্রভাষক
বিবিএ (সম্মান), এমবিএ (ফিন্যান্স ও ব্যাংকিং)
ইএমবিএ (AIS)



**মোঃ ইউসুফ আলী**
প্রভাষক
বিএসসি (সম্মান), এমএসসি (গণিত)



**জান্নাতুল ফেরদৌস**
প্রভাষক
বিএসসি (সম্মান), এমএসসি (আইটি)



**শামীমা নাসরিন**
প্রভাষক
বিকম (সম্মান), এমকম (ব্যবস্থাপনা)



**শামছুন্নাহার ফাতেমা**
প্রভাষক
বিএসসি (সম্মান), এমএসসি (পদার্থ)



**মারজিয়া আলম**
প্রভাষক
বিএসসি (সম্মান), এমএসএস (মার্কেটিং)



**এসরাত জাহান**
প্রভাষক
বিএসএস (সম্মান), এমএসএস (সমাজবিজ্ঞান)



**জান্নাতুল ফেরদৌস**
প্রভাষক
বিএ (সম্মান), এমএ (ইংরেজি)

## অফিস স্টাফ



**খোদেজা আক্তার**
অফিস সহকারী
বিএ



**বকুল বৈরাগী**
অফিস সহকারী
বিবিএস (সম্মান)



**যুথি আক্তার**
লাইব্রেরিয়ান
বিবিএ (সম্মান), এমবিএ



**কামরুন্নাহার**
কম্পিউটার অপারেটর
বিএ (সম্মান)



**মো. রমজান আলী**
ইলেকট্রিশিয়ান



**মোঃ তোফায়েল আহাম্মদ**
গার্ড



**মোঃ খুররম মিয়া**
গার্ড



**মো. রফিফুল ইসলাম**
পিয়ন



**লাকি**
পিয়ন



**ছেমনা বেগম**
পিয়ন



**আমেনা বেগম**
আয়া



**তাসলিমা**
আয়া

## পটভূমি

'মহানগর ফাউন্ডেশন' কর্তৃক পরিচালিত ও ঢাকা শিক্ষা বোর্ড কর্তৃক অনুমোদিত এবং স্বীকৃতিপ্রাপ্ত 'মহানগর আইডিয়াল কলেজ', যার **কলেজ কোড:১১৩১ এবং EIIN: 134579**। মুগদা, বাসাবো, কদমতলা, মান্ডা, খিলগাঁও, সায়েদাবাদ, ধলপুর, কমলাপুর, মানিকনগর, মাদারটেকসহ এতদঞ্চলে একটি মানসম্মত শিক্ষা প্রতিষ্ঠান প্রতিষ্ঠার লক্ষ্যে গণ্যমান্য ব্যক্তিবর্গ চিন্তা ভাবনা করে আসছিলেন অনেক আগে থেকেই। এজন্য প্রচেষ্টাও নেওয়া হয়েছে একাধিকবার। অথচ তা বাস্তবে রূপ পায়নি। এরই ধারাবাহিকতায় অত্র অঞ্চলের গণ্যমান্য ব্যক্তিবর্গের পরামর্শক্রমে ক্যাডেট কলেজ, মতিঝিল আইডিয়াল স্কুল এন্ড কলেজ এবং ন্যাশনাল আইডিয়াল স্কুল এন্ড কলেজের কতিপয় প্রাক্তন শিক্ষক 'মহানগর আইডিয়াল কলেজ' প্রতিষ্ঠার উদ্যোগ গ্রহণ করেন। যার প্রেক্ষিতে ২০০৮ সালে মহানগর আইডিয়াল কলেজ' প্রতিষ্ঠিত হয়। এ কাজে সহযোগিতা করেন ডা. মনোয়ারা সুলতানা (মনোয়ারা অর্থোপেডিক ও জেনারেল হাসপাতাল, গোলাপবাগ, বিশ্বরোড-এর প্রতিষ্ঠাতা) সহ বিভিন্ন বিশ্ববিদ্যালয়ের প্রবীণ অধ্যাপক, চিকিৎসাবিদ এবং প্রাক্তন সামরিক ব্যক্তিত্ব। আমাদের দৃঢ় বিশ্বাস এ প্রতিষ্ঠানটি অবিলম্বে বাংলাদেশের শ্রেষ্ঠ শিক্ষা প্রতিষ্ঠানগুলোর একটিতে পরিণত হবে- ইনশাআল্লাহ্। আশা করি আপনি আপনার সন্তানকে এই শিক্ষা প্রতিষ্ঠানে ভর্তি করিয়ে এ মহৎ কাজকে এগিয়ে নিতে সাহায্য করবেন।

## কলেজের অবস্থান

"মহানগর আইডিয়াল কলেজ" ঢাকার অন্যতম ব্যস্ততম এলাকা কমলাপুর কন্টেইনার ডিপোর অপজিটে উত্তর মুগদাপাড়া (ঝিলপাড়), মুগদা মেডিকেল কলেজ ও হাসপাতালের দক্ষিণ পাশে অবস্থিত। প্রতিষ্ঠান থেকে ঢাকার যে কোন এলাকায় সহজ যাতায়াত ব্যবস্থা বিদ্যমান। সম্মানিত অভিভাবক, আশা করি এখানে আপনার সন্তানকে পাঠিয়ে যানজটময় ঢাকার দুর্ভোগ থেকে মুক্ত থাকতে পারবেন।

## কলেজের পরিবেশ

সম্মানিত অভিভাবকবৃন্দ ও শিক্ষার্থীর দৃষ্টি আকর্ষণ করে জানানো যাচ্ছে যে, "মহানগর আইডিয়াল কলেজ" বৃহত্তর মুগদাপাড়ায় সবচেয়ে খোলামেলা স্বাস্থ্যসম্মত পরিবেশে অবস্থিত।

১। রাজনীতি ও ধুমপানমুক্ত পরিবেশ।
২। নিজ নিজ ধর্মচর্চার স্বাচ্ছন্দ্য পরিবেশ।
৩। আধুনিক স্বাস্থ্যসম্মত শ্রেণিকক্ষ।
৪। ছাত্র-ছাত্রীদের পৃথক ক্লাসের ব্যবস্থা।
৫। অভিভাবকদের ওয়েটিং রুম।
৬। উন্নত ওয়াসরুম ও পয়:নিষ্কাশন ব্যবস্থা এবং ওযুখানা।
০৭। বিশুদ্ধ পানির ব্যবস্থা।
০৮। প্রার্থনা কক্ষ।
০৯। সার্বক্ষণিক জেনারেটরের মাধ্যমে বিদ্যুতের ব্যবস্থা।
১০। নিজস্ব লিফ্‌ট (প্রক্রিয়াধীন)
১১। পুরো ভবন সিসি টিভি ক্যামেরা দ্বারা নিয়ন্ত্রিত।
১২। শিক্ষার্থীদের নিয়মিত স্বাস্থ্য পরীক্ষার ব্যবস্থাকরণ।

## কলেজের বৈশিষ্ট্য

* ঢাকা মহানগরীর শীর্ষস্থানীয় কলেজ পরিচালনায় অভিজ্ঞতালব্ধ শিক্ষকমণ্ডলী দ্বারা পরিচালিত।
* ছাত্র-ছাত্রীদের আলাদা ক্লাসের ব্যবস্থা। প্রতি শাখায় সর্বোচ্চ ৩০/৪০ জন শিক্ষার্থী।
* দুর্বল শিক্ষার্থীদের জন্য গাইড টিচার নিয়োগ এবং ছুটির পর সংশোধনী ক্লাসের ব্যবস্থা।
* নিয়মিত শ্রেণি পরীক্ষা, মডেল টেস্ট, তিনটি পর্বে পরীক্ষা গ্রহণ।
* বাৎসরিক শিক্ষাসফর ও খেলাধুলার ব্যবস্থা।

* CT ও MT (১০+৩০=৪০) নাম্বর থেকে প্রাপ্ত নাম্বর পর্ব পরীক্ষার ফলাফলে অন্তর্ভুক্তকরণ।
* ধারাবাহিক সাফল্য অর্জনে প্রতিশ্রুতিবদ্ধ।
* বাসায় গিয়ে অভিভাবকের সাথে ছাত্র-ছাত্রীদের উন্নতি সম্পর্কে পরামর্শ বিনিময়।
* দৈনন্দিন কার্যক্রম ডায়েরির মাধ্যমে অভিভাবককে অবহিতকরণ।
* পাঠ্যসূচি ও একাডেমিক ক্যালেন্ডার যথাযথভাবে অনুসরণ।
* সু-সজ্জিত লাইব্রেরি ও উন্নত ল্যাবরেটরি ব্যবহারের অবাধ সুযোগ।

## পাঠদান পদ্ধতি

* কোর্স প্ল্যান * ক্লাস টেস্ট * এ্যাসাইনমেন্ট * মাসিক পরীক্ষা ও পর্ব পরীক্ষার মাধ্যমে পাঠদান ও মূল্যায়ন প্রক্রিয়া সম্পন্ন করা হয় * একাডেমিক ক্যালেন্ডার মোতাবেক প্রতিটি ৪০ মিনিটের ক্লাসে পাঠ পরিকল্পনা অনুযায়ী পাঠদান করা হয়।

## ভর্তি সংক্রান্ত নিয়মাবলি

অনলাইনে আবেদনের মাধ্যমে নির্বাচিত হওয়ার পর ভর্তির সময় নিম্নলিখিত প্রমাণপত্রাদি দাখিল করতে হবে।

১। এস এস সি / সমমানের পরীক্ষায় পাশের ট্রান্সক্রিপ্টের সত্যায়িত / পত্রের ফটোকপি (২ কপি) ও মূল কপি।

২। সর্বশেষ শিক্ষা প্রতিষ্ঠান প্রধানের নিকট হতে প্রাপ্ত প্রশংসাপত্রের ফটোকপি।

৩। গেজেটেড অফিসার/প্রধান শিক্ষক কর্তৃক সত্যায়িত সদ্যতোলা ২ কপি পাসপোর্ট সাইজের রঙ্গিন ছবি।

৪। এস এস সি / সমমানের পরীক্ষার রেজিস্ট্রেশন কার্ড ও প্রবেশ পত্রের ফটোকপি।

## ভর্তির ন্যূনতম যোগ্যতা

**বিজ্ঞান বিভাগ ঃ ন্যূনতম GPA-3.00**

**ব্যবসায় শিক্ষা বিভাগ ঃ ন্যূনতম GPA-2.00**

**মানবিক শিক্ষা বিভাগ ঃ ন্যূনতম GPA-2.00**

## ভর্তি সংক্রান্ত ফিসাদির বিবরণ

ভর্তির সময় এককালীন প্রদেয় ফি : ভর্তির সময় প্রত্যেক বিভাগের (বিজ্ঞান, ব্যবসায় শিক্ষা ও মানবিক) জন্য প্রযোজ্য।

| ক্র.নং- | বিবরণ | টাকা |
|---|---|---|
| ১। | ভর্তি ফি | ৩০০০/- |
| ২। | সেশন ফি | ৬০০০/- |
| ৩। | জুলাই মাসের বেতন | ১২০০/- |
| | মোট= | ১০,২০০/- |

বার্ষিক ব্যবহারিক ফিসমূহ যা এককালীন প্রদান করতে হবে।

| ক্র.নং- | বিবরণ | টাকা |
|---|---|---|
| ১। | তথ্য ও যোগাযোগ প্রযুক্তি | ৫০০/- |
| ২। | রসায়ন বিজ্ঞান | ৫০০/- |
| ৩। | পদার্থ বিজ্ঞান | ৫০০/- |
| ৪। | জীব বিজ্ঞান | ৫০০/- |
| ৫। | উচ্চতর গণিত | ৫০০/- |

* ব্যবহারিক ফি একাদশ শ্রেণিতে প্রথম বার ও দ্বাদশ শ্রেণিতে দ্বিতীয় বার প্রদান করতে হবে।
* এছাড়া একাদশ ও দ্বাদশ শ্রেণিতে প্রতি টার্মিনাল পরীক্ষার জন্য নির্ধারিত হারে ফি প্রদান করতে হবে।
* দ্বাদশ শ্রেণিতে উত্তীর্ণ শিক্ষার্থীদের সেশন ফি প্রদান করতে হবে।

## মাসিক বেতন পরিশোধের নিয়ম

বেতনের তারিখ চলতি মাসের ৫, ১০ ও ১৫ তারিখ (ছাত্রী) ৬, ১১ ও ১৬ তারিখ (ছাত্র) । ১ম মাসের বেতন পরিশোধে বিলম্বের জন্য ১০ টাকা, ২য় মাসে ৫০ টাকা, ৩য় মাসে ১০০ টাকা জরিমানা দিতে হবে। একাধিকক্রমে ৪ মাসের বেতন পরিশোধে ব্যর্থ হলে হাজিরা খাতা থেকে নাম কাটা যাবে। পূনরায় নাম তুলতে হলে ১ মাসের সমান ফি অতিরিক্ত প্রদান করতে হবে।

## ভর্তি বাতিল বিধি

মহানগর আইডিয়াল কলেজ শতভাগ শৃঙ্খলার ওপর প্রতিষ্ঠিত ও পরিচালিত একটি কলেজ। এখানে নিয়ম-শৃঙ্খলার ব্যাপারে কাউকে কোন ছাড় দেওয়া হয় না। যেসব অমার্জনীয় অপরাধ করলে একজন শিক্ষার্থীকে কলেজ থেকে বহিস্কার করা হয়, সেগুলো হচ্ছে-

ক) পরীক্ষায় অসদুপায় অবলম্বন করলে
খ) শিক্ষক, কর্মকর্তা-কর্মচারী ও ছাত্র-ছাত্রীর সাথে অসৌজন্যমূলক আচরণ করলে
গ) অত্র কলেজে অধ্যয়নরত অবস্থায় বিবাহ বন্ধনে আবদ্ধ হলে
ঘ) ধূমপান করলে
ঙ) কলেজ ক্যাম্পাসে রাজনৈতিক কর্মকাণ্ড পরিচালনা করলে
চ) প্রতিষ্ঠানের স্বার্থ, শৃঙ্খলা ও সুনাম ক্ষুণ্ন করলে
ছ) ভর্তির সময় কোন তথ্য গোপন করলে বা মিথ্যা তথ্য প্রদান করলে
জ) কলেজে মোবাইল ফোন নিয়ে আসলে
ঝ) পরীক্ষায় বার বার অকৃতকার্য হলে

## শিফ্‌ট

এ কলেজে দু'টো শিফটে ক্লাস অনুষ্ঠিত হয়। ১। প্রভাতি ২। দিবা

ক্লাসের সময়সূচী

| | |
|---|---|
| প্রভাতি (ছাত্রী) | সকাল ৯.০০টা থেকে দুপর ১.২০টা। |
| দিবা (ছাত্র) | সকাল ৯.৪০টা থেকে বিকাল ২.০০টা। |

বি:দ্র: ঋতু পরিবর্তন, মাসিক পরীক্ষা, সাময়িক পরীক্ষা চলাকালীন কলেজ কর্তৃপক্ষ প্রয়োজনে শিফ্‌ট এবং ক্লাসের সময়সূচী পরিবর্তন করতে পারবেন।

## পাঠ্যবিষয়সমূহ

| বিভাগ | আবশ্যিক বিষয়সমূহ | নৈর্বাচনিক বিষয়সমূহ | ঐচ্ছিক বিষয়সমূহ |
|---|---|---|---|
| বিজ্ঞান বিভাগ | বাংলা, ইংরেজী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি | পদার্থ বিজ্ঞান, রসায়ন বিজ্ঞান, জীব বিজ্ঞান ও উচ্চতর গণিত (পদার্থ ও রসায়ন বিজ্ঞানসহ যে কোন ৩টি) | জীব বিজ্ঞান ও উচ্চতর গণিত (যে কোন ১ টি) |
| ব্যবসায় শিক্ষা বিভাগ | বাংলা, ইংরেজী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি | হিসাব বিজ্ঞান, ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনা, অর্থনীতি ফিন্যান্স, ব্যাংকিং ও বীমা, উৎপাদন ব্যবস্থাপান ও বিপণন (হিসাব বিজ্ঞান, ব্যবসায় সংগঠন ও ব্যবস্থাপনাসহ যে কোন ৩টি) | ফিন্যান্স ব্যাংকিং ও বীমা উৎপাদন ব্যবস্থাপান ও বিপণন (যে কোন ১ টি) |
| মানবিক বিভাগ | বাংলা, ইংরেজী, তথ্য ও যোগাযোগ প্রযুক্তি | অর্থনীতি, পৌরনীতি ও সু-শাসন সমাজ বিজ্ঞান ও ইসলাম শিক্ষা (অর্থনীতি, পৌরনীতি ও সু-শাসনসহ যে কোন ৩টি) | সমাজ বিজ্ঞান ও ইসলাম শিক্ষা (যে কোন ১ টি) |

## একাডেমিক ক্যালেন্ডার

প্রত্যেক শিক্ষার্থীকে পুস্তকাকারে মুদ্রিত নির্ধারিত সময়বন্টনসহ কোর্স প্ল্যানসমৃদ্ধ একাডেমিক ক্যালেন্ডার প্রদান করা হয়। এতে সিলেবাসের বিষয়গুলো পর্ব অনুযায়ী লেকচারের সাথে তাল মিলিয়ে বিন্যস্ত থাকে। একাডেমিক ক্যালেন্ডারের মাধ্যমে অভ্যন্তরীণ পরীক্ষায় CT, MT, পর্ব পরীক্ষা ও মডেল টেস্ট ইত্যাদির তারিখ সুনির্দিষ্ঠভাবে উল্লেখ থাকবে। তাছাড়া শিক্ষা সহায়ক কার্যক্রম (Co-Curricular Activities) , ছুটি, স্থগিত, রিভিশন, মেকআপ, ক্লাস ইত্যাদি উল্লেখ থাকবে।

## কলেজ ইউনিফর্ম

কলেজ কর্তৃক নির্ধারিত রং ও ডিজাইনের ইউনিফর্ম পরে আইডি কার্ডসহ ছাত্র-ছাত্রীদের অবশ্যই কলেজে আসতে হয়। কলেজ ইউনিফর্ম ব্যতিত কোনো অবস্থতেই ছাত্র-ছাত্রীদের কলেজে প্রবেশ করতে দেয়া হয় না।

* ছাত্রদের ইউনিফর্ম : সাদা ফুল / হাফ শার্ট, কালো ফুল প্যান্ট, কালো বেল্ট, কালো ফ্ল্যাট সু ও সাদা মোজা। শীতকালীন পোশাক- নেভি ব্লু হাফ হাতা সোয়েটার।

**বি. দ্রঃ মনোগ্রাম শার্টের দুই কাঁধে বেল্টের মাধ্যমে ও পকেটের মাঝ বরাবর লাগাতে হবে।**

* ছাত্রীদের ইউনিফর্ম : সাদা (হাঁটুর ৪ ইঞ্চি নিচ পর্যন্ত) কামিজ , সাদা, এ্যাপ্রোন, ৭ ফুট x ৩ ফুট মাপের সাদা ওরড়া, সাদা পাজামা, সাদা মোজা। শীতকালীন পোশাক- নেভি ব্লু ফুল হাতা সোয়েটার।

**বি. দ্রঃ মনোগ্রাম এ্যাপ্রোন দুই কাঁধে বেল্টের মাধ্যমে ও বাম পকেটের মাঝ বরাবর লাগাতে হবে।**

## ব্যবহারিক ক্লাস

পদার্থ বিজ্ঞান, রসায়ন বিজ্ঞান, জীব বিজ্ঞান, গণিত, কম্পিউটার শিক্ষা বিষয়ে নিয়মিত ব্যবহারিক ক্লাস নেয়া হয়। সংশ্লিষ্ট বিষয় শিক্ষক শিক্ষার্থীদের সাথে আলোচনা করে সপ্তাহে নির্দিষ্ট দিনে ব্যবহারিক ক্লাস নিয়ে থাকেন। তবে ব্যবহারিক ক্লাসে প্রত্যেক শিক্ষার্থীর ১০০% উপস্থিতি বাধ্যতামূলক। এছাড়াও শিক্ষকের নির্দেশ মোতাবেক নির্দিষ্ট সময়ের মধ্যে ব্যবহারিক খাতা তৈরি করে সংশ্লিষ্ট বিষয় শিক্ষকের কাছে যথাসময়ে জমা দেয়া বাধ্যতামূলক।

## মেকআপ ক্লাস

প্রাকৃতিক দুর্যোগ, বোর্ড পরীক্ষা, রাজনৈতিক অস্থিরতা ও আকস্মিক দুর্ঘটনা ইত্যাদি কারণে ক্লাসের যদি ব্যাঘাত ঘটে সেক্ষেত্রে মেকআপ ক্লাসের মাধ্যমে তা অবশ্যই পূরণ করা হয়।

## অনুপস্থিতি ও জরিমানাবিধি

কোন শিক্ষার্থী কোন কারণে ক্লাসে অনুপস্থিত থাকলে দরখাস্তসহ অভিভাবককে স্বশরীরে উপস্থিত হয়ে কারণ জানাতে হবে অথবা অসুস্থ হলে দরখাস্তসহ মেডিকেল সার্টিফিকেট জমা দিতে হবে অথবা দরখাস্তসহ প্রতিদিনের জন্য ৫০/ (পঞ্চাশ) টাকা করে জরিমানা দিয়ে ক্লাসে প্রবেশ করতে হবে। অন্যথায় উক্ত শিক্ষার্থী ক্লাসে প্রবেশ করতে পারবে না। পূর্বে অবহিত বা অনুমতি ব্যতিরেকে কোন শিক্ষার্থী ১ মাস অনুপস্থিত থাকলে তাকে বিনা নোটিশে ছাড়পত্র দিয়ে বিদায় করা হবে।

## সেমিষ্টারসমূহ

### প্রথম বর্ষ

**১ম সেমিষ্টার** ঃ জুলাই - অক্টোরব
**২য় সেমিষ্টার** ঃ নভেম্বর - জানুয়ারি
**৩য় সেমিষ্টার** ঃ ফেব্রুয়ারি - এপ্রিল

### দ্বিতীয় বর্ষ

**৪র্থ সেমিষ্টার** ঃ মে - আগষ্ট (প্রাক নির্বাচনী)
**৫ম সেমিষ্টার** ঃ সেপ্টেম্বর - ডিসেম্বর (নির্বাচনী)

## ফলাফল ও প্রমোশন বিধি

* পর্ব পরীক্ষা ১০০+ মাসিক পরীক্ষা ৩০+ শ্রেণি পরীক্ষা ১০= ১৪০-এর মধ্যে ৫১ নম্বর পেলে পর্ব পরীক্ষায় উত্তীর্ণ বলে গণ্য করা হবে।
প্রথম পর্ব পরীক্ষার ২০% + দ্বিতীয় পর্ব পরীক্ষার ৩০% + তৃতীয় পর্ব পরীক্ষার ৫০% = ১০০% নম্বরের ভিত্তিতে সাংবাৎসরিক পরীক্ষার ফলাফল তৈরি করা হবে।
* শিক্ষার্থী যে কোনো একটি বিষয়ে উপরিউক্ত (পাস নম্বর ৩৬) নম্বরের কম পেলে তাকে ওপরের শ্রেনিতে প্রমোশন দেওয়া হবে না।
* পর পর দুই বছর অকৃতকার্য হলে তাকে নিজ দায়িত্বে ছাড়পত্র গ্রহণপূর্বক কলেজ ত্যাগ করতে হবে।

## কো-কারিকুলার কার্যক্রম

পড়ালেখার পাশাপাশি ছাত্র-ছাত্রীদের সৃজনশীল কাজে পারদর্শী করার জন্য বিভিন্ন কার্যক্রম গ্রহণ করা হয়ে থাকে। যেমন-

* বিতর্ক প্রতিযোগিতা * কম্পিউটার ক্লাব * ইংলিশ ল্যাংগুয়েজ ক্লাব * শিক্ষাসফর
* সাংস্কৃতিক প্রতিযোগিতা * বিজ্ঞান ক্লাব ও বিজ্ঞান মেলা

## কম্পিউটার ও সায়েন্স ল্যাবসমূহ

অত্যাধুনিক ইন্টারনেট সুবিধাসহ কম্পিউটার ল্যাব, পদার্থ, রসায়ন ও জীববিজ্ঞান ল্যাবে ছাত্র-ছাত্রীদের শিক্ষা ও গবেষণার সুযোগ।

## উন্নতমানের লাইব্রেরি

মহানগর আইডিয়াল কলেজে রয়েছে একটি সুসজ্জিত উন্নতমানের লাইব্রেরি, যাতে রয়েছে পর্যাপ্ত সংখ্যক দেশি-বিদেশি পাঠ্য ও রেফারেন্স বই। নিজস্ব লাইব্রেরি কার্ডের মাধ্যমে প্রত্যেক ছাত্র-ছাত্রীর রয়েছে পড়াশোনা করার অবাধ সুযোগ।

## Guide Teacher কর্তৃক আবাসিক পরিদর্শন

শিক্ষার্থীদের পড়ালেখার উন্নতি ও অবনতির কারণ নির্ধারণের লক্ষ্যে প্রত্যেক Guide Teacher বছরে অন্তত দু'বার (প্রয়োজনমত) তার Group এর প্রত্যেক শিক্ষার্থীর বাসায় যাবেন (Surprise Visit) এবং অভিভাবকের উপস্থিতিতে শিক্ষার্থীর পড়ালেখার বিষয়ে কতগুলো সুনির্দিষ্ট প্রশ্নোত্তরের ভিত্তিতে তথ্য ফরম পূরণ করে Guide Teacher এর মতামতসহ তা অধ্যক্ষের নিকট উপস্থাপন করবেন। আবাসিক পরিদর্শনের মাধ্যমে শিক্ষার্থীর পড়ালেখা বিষয়ক যাবতীয় ব্যাপারে Guide Teacher অভিভাবকের সাথে খোলামেলা আলোচনা করবেন এবং প্রয়োজনে অভিভাবকের লিখিত পরামর্শ ও তথ্য লিপিবদ্ধ করবেন। Guide Teacher এবং অভিভাবকের পারস্পরিক সমঝোতার ফলে শিক্ষার্থীর পড়ালেখায় ফাঁকি দেওয়ার পথ বন্ধ হয়ে যায়।

## Guide Teacher কর্তৃক আবাসিক পরিদর্শন

### পাঠ পরিকল্পনা ঃ

শিক্ষার মান উন্নয়নের লক্ষ্যে এবং শ্রেণি পাঠকে সুন্দর, সুফল এবং ফলপ্রসূ করতে শিক্ষক কর্তৃক পূর্ব প্রস্তুতি স্বরূপ Lesson Plan প্রদান ও তা অনুসরণ করা হয়।

### শিক্ষক প্রশিক্ষণ ঃ

বর্তমান শিক্ষা পদ্ধতিতে যোগ হয়েছে আধুনিক পদ্ধতি ও কার্যকরী কলাকৌশল। তাই নব আবিষ্কৃত পদ্ধতিতে ছাত্র-ছাত্রীদেরকে দক্ষ ও যুগোপযোগী করে তুলতে প্রশিক্ষণপ্রাপ্ত শিক্ষকের বিকল্প নেই। অত্র কলেজের প্রত্যেক শিক্ষক আন্তর্জাতিক মানের প্রশিক্ষক কর্তৃক প্রশিক্ষণপ্রাপ্ত। এর ফলে শিক্ষা পদ্ধতিতে কৌশল প্রয়োগের মাধ্যমে ছাত্র-ছাত্রীদের সুপ্ত প্রতিভাকে বিকশিত করে চমকপ্রদ ফলাফলের কার্যকরী ব্যবস্থা করা হয়। যার সুফল ছাত্র-ছাত্রীদেরকে খুবই উৎসাহিত করছে।

### গাইড টিচার ঃ

শিক্ষার্থীর সার্বিক পরিস্থিতি তত্ত্বাবধান এবং ব্যর্থতা ও সফলতার নানা বিষয় আলোচনা-পর্যালোচনা ও পরামর্শ প্রদানের লক্ষ্যে শিক্ষাবর্ষের শুরু থেকে প্রতি ১০ জন শিক্ষার্থীর জন্য একজন গাইড টিচারকে দায়িত্ব প্রদান করা হয়।

গাইড টিচার কলেজে নিয়মিত উপস্থিতির ব্যাপারে তদারকি ও ব্যবস্থাগ্রহণ, অভিভাবকদের সাথে নিয়মিত যোগাযোগ, ছাত্র-ছাত্রীদের দুর্বল বিষয় সম্পর্কে মতামত/পরামর্শ গ্রহণ, দুর্বল ছাত্র-ছাত্রীদের Extra Care ও Extra Class এর ব্যবস্থা করে থাকেন।

### সংশোধনী ক্লাস ঃ

প্রতি ক্লাসেই বাড়িতে দেয়া পড়ার যথাযথ উত্তর আদায় করা হয়। যদি কোন ক্ষেত্রে শিক্ষার্থীরা বাড়ির পাঠ শিখে না আসে অথবা HW করতে ব্যর্থ হয়, তাদেরকে সংশোধনী ক্লাসের মাধ্যমে পাঠদান বা পাঠ আদায়ের জন্য বিষয় শিক্ষক ডায়েরিতে সংশোধনী ক্লাস শব্দটি লিখে স্বাক্ষর প্রদান করেন। নির্দিষ্ট বিষয়ের ওপর শিক্ষার্থী বুঝতে বা বুঝাতে সক্ষম হলেই সে সংশোধনী ক্লাসে উত্তীর্ণ হয়েছে বলে বিবেচিত হবে। অভিভাবকদের অবগতির জন্য ডায়েরিতে ক্লাসের সময়সীমা উল্লেখ থাকবে, যাতে অভিভাবকগণ সহজেই বুঝতে পারেন যে, শিক্ষার্থী কলেজ ছুটির পর কতক্ষণ সংশোধনী ক্লাসে উপস্থিত ছিল।

# শিক্ষা সহায়ক কার্যক্রম



শিক্ষা সফরে ছাত্র-শিক্ষকদের একাংশ



ক্যাম্পাসে শিক্ষক-শিক্ষিকাদের একাংশ



কমনরুমে খেলারত শিক্ষার্থী



লাইব্রেরিতে অধ্যায়নরত শিক্ষার্থী



ল্যাবরুমে শিক্ষার্থীদের একাংশ



কম্পিউটার ল্যাবে ক্লাস চলাকালীন শিক্ষার্থী

# শিক্ষা সহায়ক কার্যক্রম



সাংস্কৃতিক অনুষ্ঠানে পুরস্কার বিরতণ



ক্রিকেট খেলায় বিজয়ীদের পুরস্কার বিতরণ



বিজ্ঞান মেলায় অংশগ্রহণকারী শিক্ষার্থী



শিক্ষা সফরে খাওয়া-দাওয়া




শিক্ষাসফরে ছাত্রদের একাংশ



শিক্ষাসফরে ছাত্র-ছাত্রীদের মিলনমেলা

# MOHANAGAR IDEAL COLLEGE


## অত্র কলেজ থেকে বিভিন্ন বিশ্ববিদ্যালয় ও মেডিকেল কলেজে সুযোগপ্রাপ্ত শিক্ষার্থীদের একাংশ

### HSC Batch: 2020



- **Md. Abdullah** — Dentist, University Dental College
- **Md. Nazmus Sakib** — Forestry & Wood Technology Dept., Khulna University
- **Afrin Bentee Akram** — B.Sc in Nursing, Manikganj, Medicine Facilty of Dhaka University
- **Fahad Hossain** — Department of Marketing, Jagannath University

### HSC Batch: 2019



- **Mohammad Hasan Mahmud** — Department of Law, Dhaka University
- **Jannatul Ferdaus** — Department of Islamic Studies, Dhaka University
- **Maksuda Akter Jarin** — Dyes & Chemical Engineering, BUTEX
- **Md. Easin Arafat** — CSE, Brooklyn College, USA

### HSC Batch: 2018




- **Umme Ara Mukta** — Urban & Regional Planning(URP), CUET
- **Nusrat Jahan** — Information & Communication Engineering, NSTU
- **Amena** — B.Sc in Nursing, Taironnessa Memorial Medical College
- **Faisal Ahmmad** — Institute of Disaster Management & Vulnerability Studies, University of Dhaka
- **Mojtaba Fahim** — Urban & Rural Planning, Khulna University
- **Md Sohag Ali** — Social Work, PUST
- **Omar Faruk** — Islamic Studies, Chittagong University

### HSC Batch: 2017



- **Tasfia Jarin Papry** — MBBS, Green Life Medical College, Dhaka
- **Ashikur Rahman Nasim** — Finance, Jagannath University
- **Rahat Hossain** — CEE, SUST
- **Md Arifur Rahman** — Dept. of Law, NSTU

### HSC Batch: 2015



- **Anika Hossain Shishir** — MBBS, Bikrampur Bhuiyan Medical College, Munshigonj
- **Saleh Uddin** — Mechanical Engineering, CUET

### HSC Batch: 2014



- **Rakibul Hasan** — MBA, Jahangirnagar University

### HSC Batch: 2013

- **Sadia Afrin Rimi** — MBA, University of Dhaka

### HSC Batch: 2012



- **Rabeya Akter** — MBBS, Zainul Haque Sikder Womens Medical College
- **Mohammad Gaddafi** — Islamic Studies, University of Dhaka
- **Kaniz Fatema** — Department of Sanskrit, University of Dhaka
- **Fatema Akter Bristy** — Dept. of Arts & Creative Studies, University of Dhaka

### HSC Batch: 2011



- **Alauddin Saber** — ELT, Jahangirnagar University

# মহানগর আইডিয়াল কলেজ

## SSC এর তুলনায় HSC-তে GPA উন্নয়নের আংশিক চিত্র

| Sl. No. | Name | Year | Board Roll | Group | SSC GPA | HSC GPA | Increase |
|---|---|---|---|---|---|---|---|
| 1 | আসমা আক্তার | 2010 | 513269 | B.Studies | 2.81 | 4.40 | +1.59 |
| 2 | সাদিয়া ইয়াছমিন | 2010 | 303821 | Humanities | 3.00 | 4.41 | +1.41 |
| 3 | উম্মে কুলসুম | 2011 | 514068 | B.Studies | 3.25 | 4.40 | +1.15 |
| 4 | সাবিয়া হাসান | 2011 | 303674 | Humanities | 3.50 | 4.60 | +1.10 |
| 5 | মেঘলা আক্তার | 2012 | 513981 | B.Studies | 4.56 | 5.00 | +0.44 |
| 6 | মো. রুবেল ভূঞা | 2012 | 513991 | B.Studies | 3.88 | 4.90 | +1.02 |
| 7 | মো. নজরুল ইসলাম | 2012 | 112137 | Science | 4.25 | 5.00 | +0.75 |
| 8 | মো. গাদ্দাফী | 2012 | 513993 | B.Studies | 5.00 | 5.00 | 00 |
| 9 | আরিফা সুলতানা | 2013 | 515027 | B.Studies | 3.88 | 4.20 | +0.32 |
| 10 | আয়েশা সিদ্দিকা | 2013 | 303772 | Humanities | 2.81 | 3.60 | +0.79 |
| 11 | ইতি রানী সরকার | 2013 | 515026 | B.Studies | 5.00 | 5.00 | 00 |
| 12 | সাদিয়া আফরিন রিমি | 2013 | 515030 | B.Studies | 5.00 | 5.00 | 00 |
| 13 | মো. ইউসুফ হোসেন | 2014 | 515831 | B.Studies | 2.70 | 3.90 | +1.20 |
| 14 | মো. আব্দুল কাদের | 2014 | 304192 | Humanities | 4.44 | 5.00 | +0.56 |
| 15 | শ্রাবণী আখতার | 2015 | 514591 | B.Studies | 3.81 | 4.44 | +0.63 |
| 16 | শারমিন খাতুন | 2015 | 303843 | Humanities | 3.25 | 4.00 | +0.75 |
| 17 | আনিকা হোসাইন শিশির | 2015 | 112414 | Science | 5.00 | 5.00 | 00 |
| 18 | সালেহ্ উদ্দিন | 2015 | 112420 | Science | 5.00 | 5.00 | 00 |
| 19 | কে এম মাহমুদুল ইসলাম | 2015 | 112421 | Science | 5.00 | 5.00 | 00 |
| 20 | কামরুজ্জামান মৃধা | 2015 | 112422 | Science | 5.00 | 5.00 | 00 |
| 21 | পিংকি | 2016 | 114668 | Science | 4.13 | 4.42 | +0.29 |
| 22 | তানজিলা আক্তার | 2016 | 515888 | B.Studies | 3.25 | 4.08 | +0.83 |
| 23 | আবু জুনায়েদ | 2016 | 515904 | B.Studies | 3.13 | 4.00 | +0.87 |
| 24 | মোঃ আব্দুল কাইয়ুম | 2017 | 116763 | Science | 4.39 | 4.50 | +0.11 |
| 25 | সোনিয়া আক্তার মিতু | 2017 | 514577 | B.Studies | 3.25 | 3.75 | +0.50 |
| 26 | আফরোজা আক্তার | 2017 | 514580 | B.Studies | 3.56 | 3.67 | +0.11 |
| 27 | তাসলিমা আক্তার | 2017 | 514575 | B.Studies | 3.44 | 3.92 | +0.48 |
| 28 | ওমর ফারুক | 2018 | 304895 | Humanities | 4.39 | 4.58 | +0.19 |
| 29 | মোঃ নাসির | 2018 | 513361 | B.Studies | 4.06 | 4.67 | +0.61 |
| 30 | নুসরাত জাহান | 2018 | 118667 | Science | 4.83 | 4.92 | +0.09 |
| 31 | মোঃ হাছান মাহমুদ | 2019 | 118779 | Science | 4.77 | 4.92 | +0.15 |
| 32 | নুর মোহাম্মদ | 2019 | 118780 | Science | 4.41 | 4.75 | +0.34 |
| 33 | মোঃ আব্দুল্লাহ | 2020 | 121419 | Science | 4.68 | 5.00 | +0.32 |
| 34 | গোবিন্দ দাস অমিত | 2020 | 121414 | Science | 4.89 | 5.00 | +0.11 |
| 35 | উম্মে সালমা আক্তার | 2020 | 463184 | Science | 4.33 | 4.75 | +0.42 |
| 36 | মিনহাজুস সাকিব | 2021 | 121760 | Science | 4.56 | 5.00 | +0.44 |
| 37 | আব্দুল্লাহ আল রাকিব | 2021 | 121767 | Science | 4.56 | 5.00 | +0.44 |
| 38 | ফাহাদুল ইসলাম | 2021 | 121761 | Science | 5.00 | 5.00 | +0.00 |
| 39 | জোৎস্না আক্তার লিসা | 2021 | 121755 | Science | 5.00 | 5.00 | +0.00 |
| 40 | সাজ্জাদ হোসেন পারভেজ | 2021 | 121769 | Science | 5.00 | 5.00 | +0.00 |
| 41 | রেজওয়ান বিল্লাহ | 2021 | 613075 | B.Studies | 3.33 | 4.17 | +0.84 |
| 42 | সাকিব হোসেন | 2021 | 613073 | B.Studies | 3.94 | 4.67 | +0.73 |
| 43 | সানজিদা আফরোজ সিমিন | 2021 | 613059 | B.Studies | 3.94 | 4.92 | +0.98 |
| 44 | ফারজানা আক্তার (তামান্না) | 2021 | 257623 | Humanities | 4.94 | 5.00 | +0.06 |
| 45 | ফারজানা আক্তার | 2021 | 257621 | Humanities | 4.06 | 5.00 | +0.94 |
| 46 | মিজানুর রহমান রুমেল | 2021 | 257646 | Humanities | 3.72 | 4.00 | +0.28 |




কলেজ ভবন

বিস্তারিত জানতে ভিজিট করুন :

E-mail: mohanagaridealcollege@gmail.com

www.mic.edu.bd